

বরিশালে হতদরিদ্র শিক্ষার্থীদের বৃত্তির তালিকায় সচ্ছলদের নাম

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির (এফপিএবি) বরিশাল শাখার হতদরিদ্র শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের তালিকায় সচ্ছল পরিবারের শিক্ষার্থীদের নামও অন্তর্ভুক্ত করার অভিযোগ পাওয়া গেছে। নগরীর গোড়াচাঁদ দাস সড়কে অবস্থিত প্রতিষ্ঠানটির কার্যালয়ে বৃত্তি প্রদান অনুষ্ঠান চলাকালে এ বিষয়টি ধরা পড়ার পর অর্থ সহায়তাকারী প্রতিষ্ঠান ইউনিসেফের আপত্তির মুখে ওই অনুষ্ঠান বন্ধ করে দেয়া হয়। এফপিএবির বরিশাল শাখার সভাপতি এসএম ইকবাল জানান, ২৫ জন হতদরিদ্র শিক্ষার্থীকে বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠান চলাকালে দরিদ্রদের তালিকা নিয়ে ইউনিসেফের স্থানীয় কর্মকর্তারা আপত্তি তুললে বৃত্তি প্রদান অনুষ্ঠান বন্ধ করে দেয়া হয়। যদিও আপত্তি দেয়ার আগেই কয়েকজন শিক্ষার্থীকে বৃত্তির অর্থ দেয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন। ইউনিসেফের বরিশাল বিভাগীয় প্রধান এএইচএম তৌফিক

আহম্মেদ জানান, বৃত্তির জন্য তালিকাভুক্ত শিক্ষার্থীরা কেউই হতদরিদ্র নয়। অনুষ্ঠান চলাকালে বিষয়টি ধরা পড়ায় তাৎক্ষণিক আপত্তি জানিয়ে অনুষ্ঠান বন্ধ করে দেয়া হয়েছে। এফপিএবির সভাপতি এসএম ইকবাল জানান, এফপিএবির বরিশাল জেলা কার্যালয় থেকে বৃত্তি প্রদান করা হলেও তালিকা তৈরি করেছে এফপিএবির সহযোগী প্রতিষ্ঠান 'ভারার মেলা'। এফপিএবির ঢাকা কেন্দ্রীয় কার্যালয়ের সহযোগিতায় ওই তালিকা করা হয়। তালিকা করার জন্য বরিশাল এফপিএবি কর্তৃপক্ষের সঙ্গে কোন প্রকার আলোচনা করা হয়নি। বৃত্তি প্রদানের নামে পৌনে ৪ লাখ টাকা আত্মসাতের অভিযোগ জানিয়ে কেন্দ্রীয় কার্যালয়ে প্রতিবেদন দেয়া হবে বলে তিনি জানান। ভারার মেলার বরিশালের কো-অর্ডিনেটর নুসরাত পারভীন বলেন, কিছু সমস্যার কারণে বৃত্তি প্রদান অনুষ্ঠান পও হয়েছে। তবে তালিকা তৈরিতে কোন অনিয়ম করা হয়নি বলে তিনি দাবি করেন।